

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন শাখা-১

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩. ১২(অংশ-১)-৬০১

তারিখঃ ০৬ জুন, ২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্ডিপিতে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা বিশেষ বরাদ্দ প্রদান প্রসংগে।

জনাব,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্ডিপিতে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থের জিওবি খাতের 'বিশেষ বরাদ্দ উপখাত' হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ উন্নয়ন কাজের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে বিশেষ বরাদ্দ হিসাবে ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা অবমুক্তকরণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। এই ব্যয় চলতি ২০১৫-১৬ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১ সিটি কর্পোরেশনসমূহের জন্য থোক বরাদ্দ মূলধন খাতে বরাদ্দকৃত ৭১০.০০ কোটি (সাতশত দশ কোটি) টাকা হতে মিটানো হবে।

৩। এই অর্থ ছাড়ে অর্থ বিভাগের ০৬/০৬/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩১৯ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(গ) পরবর্তী অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বে ব্যাংক হিসাব বিবরণী প্রেরণ করতে হবে;

(ঘ) অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৬ এর মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হবে;

(ঙ) সিটি কর্পোরেশনসমূহের রাজস্ব আয়, আয়তন, জনসংখ্যা, কর্মদক্ষতা ও অন্যান্য সূচক বিবেচনায় নিয়ে নীতিমালা প্রণয়ন করতে হবে;

(চ) আগামী অর্থ বছরের ১ম কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের সময় চলতি অর্থ বছরে ছাড়কৃত অর্থ কোন কোন খাতে এবং কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে সে বিষয়ে উপখাত অনুযায়ী ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।

৪। মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এই মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।



খলিল আহমদ

উপ সচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২০.০৮৩. ১২(অংশ-১)-৬০১/১(৭)

তারিখঃ ০৬ জুন, ২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।

৪। উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

৫। মেয়রের একান্ত সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।

✓ ৭। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।



খলিল আহমদ

উপসচিব